গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বিশ্বব্যাংক-৭ শাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৭ আগস্ট ২০২৩ তারিখ বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংক-এর মধ্যে 'Economic Acceleration and Resilience for NEET' শীর্ষক প্রকল্পের জন্য ৩০০.০০ (তিনশত) মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন চুক্তি স্বাক্ষরিত হয়। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তর এই প্রকল্পের প্রধান বাস্তবায়নকারী সংস্থা। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এবং স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ প্রধান বাস্তবায়নকারী সংস্থার সামগ্রিক ব্যবস্থাপনায় তাদের নিজ নিজ এলাকা/প্রতিষ্ঠানের সাথে সাব-কম্পোনেন্ট বাস্তবায়নের জন্য প্রকল্পের সহায়ক বাস্তবায়নকারী সংস্থা হিসেব কাজ করবে। প্রকল্পটি জুলাই, ২০২৩ হতে ডিসেম্বর, ২০২৮ মেয়াদে বাস্তবায়ন করা হবে।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মিজ্ শরিফা খান এবং বিশ্বব্যাংকের পক্ষে বিশ্বব্যাংক ঢাকা কার্যালয়ের কান্ট্রি ডিরেক্টর Mr. Abdoulaye Seck উক্ত অর্থায়ন চুক্তিতে স্বাক্ষর করেন।

বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ) থেকে ঋণ গ্রহণ করা হবে এবং আইডিএ অর্থায়নের ঋণ ৫ (পাঁচ) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩০ বছরে পরিশোধ করতে হবে। এসডিআরে গৃহীতব্য এ ঋণের উত্তোলিত অর্থের ওপর ০.৭৫% হারে সার্ভিস চার্জ এবং ১.২৫% হারে সুদ প্রদান করতে হবে। অনুত্তোলিত অর্থের ওপর বার্ষিক ০.৫০% হারে কমিটমেন্ট ফি প্রদেয় হবে। তবে, বিশ্বব্যাংক চলতি অর্থ বছরসহ দীর্ঘদিন ধরে কমিটমেন্ট ফি গ্রহণ করে না।

প্রকল্পের মূল উদ্দেশ্য হলো NEET (Not in Education, Employment and Training) তরুন-তরুনী, বিশেষ করে গ্রামীন অঞ্চলের মহিলাদের প্রশিক্ষণ প্রদান করে তাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। এর ফলে NEET (Not in Education, Employment and Training) তরুন-তরুনীর সংখ্যা ক্রমান্বয়ে হ্রাস পেয়ে ২০৩০ সালের মধ্যে অগ্রধিকার খাতে পর্যাপ্ত দক্ষ শ্রমশক্তি (প্রায় ৯ লক্ষ) প্রস্তুত করা যাবে যা বাংলাদেশকে এলডিসি থেকে উত্তরণ প্রক্রিয়ায় সহায়তা করবে।

বিশ্বব্যাংক বাংলাদেশের জন্য সর্ববৃহৎ বহুপাক্ষিক উন্নয়নশীল অংশীদার। বিশ্বব্যাংক অদ্যাবধি বাংলাদেশকে ৪১ বিলিয়ন মার্কিন ডলার আর্থিক সহায়তা প্রদান করেছে। বর্তমানে বিশ্বব্যাংক হতে ১৬.৩ বিলিয়ন মার্কিন ডলারের আর্থিক সহায়তায় ৫৪টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে যা বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন, প্রাতিষ্ঠানিক সংস্কার, যোগাযোগ ও লজিস্টিক উন্নয়ন, বিদ্যুৎ ও জ্বালানী খাতসহ বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে ভূমিকা রাখছে।

Government of the People's Republic of Bangladesh
Ministry of Finance
Economic Relations Division
World Bank-7 Section
Sher-e-Bangla Nagar, Dhaka
www.erd.gov.bd

# Press Release

A Financing Agreement has been signed today on 27 August 2023 between the Government of the People's Republic of Bangladesh and the International Development Association (IDA) of the World Bank Group for an amount of USD 300.00 million loan to implement the 'Economic Acceleration and Resilience for NEET Project'. The Department of Youth Development under the Ministry of Youth and Sports will be the lead implementing agency for this Project. Bangladesh Open University and Local Government Engineering Division would be the supporting implementing agencies of the project for implementing the sub-components/activities relevant to their respective areas/institutions under the overall management of the lead agency. The implementation period of this project is from July 2023 to December 2028.

Ms. Sharifa Khan, Secretary, Economic Relations Division and Mr. Abdoulaye Seck, Country Director of the World Bank, Dhaka signed the financing agreement on behalf of their respective sides.

The loan is repayable in 30 years with a grace period of 05 years. The service charge would be 0.75% and the interest charge is 1.25% per annum on the loan withdrawal balance of the SDR-denominated loan. The commitment fee is up to 0.50%, though the World Bank has been waiving commitment fees for a long time.

The main objectives of the project are (a) Economic inclusion of the rural NEET (Not in Employment, Education, or Training) youth during and in Post-COVID Bangladesh through skill Development, employment, self-employment, and entrepreneurship supports; (b) Transforming NEET youth into an employable labour force and productive entrepreneurs through imparting need-based life skill training and creating access to skill, finance, investment, and business facilities, and connecting to the employers and business networks.

The World Bank is the largest multilateral development partner of Bangladesh. World Bank has committed over 41 billion USD for Bangladesh since its independence which indicates the direction for deepening cooperation between Bangladesh and the World Bank. At present, the World Bank is financing 16.3 billion USD for Fifty-Four ongoing projects that cover economic and social development, institutional reforms, infrastructure development, energy sector development, etc.

27.08.23